

বাক্যতত্ত্ব-১ক) প্রশ্ন: বাক্যের অর্থগত ও ভাবগত শ্রেণিবিভাগ বর্ণনা করো ।

১.ক) সংখ্যক প্রশ্নের উত্তর:

অর্থগত অর্থের দিক থেকে বিচার করে বাক্যকে সাতটি শ্রেণিতে বিভক্ত করা হয়: নির্দেশাত্মক বাক্য, প্রশ্নাত্মক বাক্য, অনুজ্ঞাবাচক বাক্য, প্রার্থনাসূচক বাক্য , বিস্ময়সূচক বাক্য, কার্যকারণাত্মক বাক্য ও সন্দেহদ্যোতক বাক্য ।

১. নির্দেশাত্মক বা বর্ণনামূলক বাক্য (Assertive Sentence): কোন ঘটনা ভাব বা বক্তব্যের তথ্য যে

বাক্য প্রকাশ করে তাকে বলা হয় নির্দেশাত্মক বাক্য । যেমন: **আজ বৃষ্টি হবে ।**

মূলভাবের দিক থেকে নির্দেশাত্মক বাক্য দুটি উপশ্রেণিতে বিভাজিত হতে পারে: ক. অস্তিবাচক বাক্য

(Affirmative Sentence) খ. নেতিবাচক বাক্য (Negative Sentence)

ক. অস্তিবাচক বাক্য: কোন ঘটনা , ভাব বা বক্তব্যের অস্তিত্ব যে-বাক্য প্রতিষ্ঠিত করে, তাকে বলা হয়

অস্তিবাচক বাক্য । যেমন: **আজ বৃষ্টি হবে ।**

খ. নেতিবাচক বাক্য: কোন ঘটনা , ভাব বা বক্তব্যের অস্তিত্ব যে বাক্যের দ্বারা অস্বীকৃত হয় , তাকে বলা

হয় নেতিবাচক বাক্য । যেমন: **আজ বৃষ্টি হবে না ।**

[প্রকৃতপক্ষে অর্থানুসারে শ্রেণিবিভক্ত সাত প্রকারের বাক্যকেই সামগ্রিকভাবে দুটি মৌল শ্রেণিতে ভাগ

করা যায় ; সে দুটি হলো উক্ত অস্তিবাচক ও নেতিবাচক বাক্য । কেননা প্রতিটি শ্রেণিতেই আছে

বক্তব্যের প্রতিষ্ঠাকে স্বীকৃতি-অস্বীকৃতির দুটি দিক ।]

২. প্রশ্নাত্মক বাক্য:(Interrogative Sentence) কোন ঘটনা , ভাব বা বক্তব্য সম্পর্কে

যে বাক্যে কোন প্রশ্ন থাকে , তাকে বলা হয় প্রশ্নাত্মক বাক্য । যেমন: **তারা কি যাবে কোথাও ?**

৩. অনুজ্ঞাবাচক বাক্য:(Imperative Sentence): আদেশ , উপদেশ , অনুরোধ অনুমতি , আমন্ত্রণ ,

নিষেধ ইত্যাদি যে বাক্যে বোঝায় , তাকে বলা হয় অনুজ্ঞাবাচক বাক্য ।

যেমন: **কলকারখানা বন্ধ করা চলবে না ।, তুমি ঘরে যাও । ইত্যাদি ।**

৪. প্রার্থনা/ইচ্ছাসূচক বাক্য: (Optative Sentence) বক্তার মানসিক শুভাশুভ মিশ্রিত ইচ্ছা বা প্রার্থনা যে বাক্যে প্রকাশ পায় , তাকে বলা হয় প্রার্থনা সূচক বাক্য ।যেমন: **তুমি যেন সফল হতে পার । বাংলাদেশ চিরজীবী হোক ।**
৫. বিস্ময়সূচক বাক্য:(Exclamatory Sentence) হর্ষ, বিস্ময়, দুঃখ, শোক, প্রশংসা ইত্যাদি মনোভাব আবেগ বা উচ্ছ্বাসের আকস্মিকতা নিয়ে যে বাক্যে প্রকাশ পায় , তাকে বলা হয় বিস্ময়সূচক বাক্য ।
যেমন: **শাবাশ , বাংলাদেশ খেলায় জিতেছে !**
এছাড়াও অর্থানুযায়ী আরও দুধরণের বাক্য পাওয়া যায়-
৬. কার্যকারণাত্মক বাক্য: কারণ, নিয়ম, শর্ত, সংকেত প্রভৃতি যে বাক্যে দ্যোতিত হয় , তাকে বলা হয় কার্যকারণাত্মক বাক্য । যেমন: **কষ্ট না করলে, কেউ মেলে না ।**
৭. সন্দেহদ্যোতক বাক্য: নির্দেশাত্মক বাক্যে বক্তব্য বিষয় সম্পর্কে সন্দেহ , সংশয় ইত্যাদি ভাব থাকলে তাকে বলা হয় সন্দেহদ্যোতক বাক্য । যেমন: **বোধ হয় তিনি কাল আসবেন ।**